৬। মধ্যযুগে বাংলার অন্দরমহলের চালচিত্র কৃত্তিবাসী রামায়ণে কীভাবে ধরা পড়েছে তোমার পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো।

৭। মৈমনসিংহ গীতিকার অন্তর্গত মহুয়া পালায় নানা প্রতিকূলতা ও অন্তর্দ্বন্দ্বের মধ্য দিয়ে মহুয়া চরিত্রটি কীভাবে পরিণতি পেয়েছে বুঝিয়ে দাও। ১০

অথবা

৮। ব্যালাড বলতে কী বোঝ? মৈমনসিংহ গীতিকার অন্তর্গত পালাগুলিকে কি ব্যালাড বলা যায়? তোমার পাঠ্য অংশের সাপেক্ষে বিষয়টি আলোচনা করো। ২+৮

কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : জি.ই ১.১

মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

১। পূর্বরাগ বলতে কী বোঝ? তোমার পাঠ্য পূর্বরাগের একটি পদ অবলম্বন করে বিষয়টি বুঝিয়ে দাও। ৩+৭

অথবা

২। তোমার পাঠ্য যে কোনো একটি পদ অবলম্বন করে প্রেমবৈচিত্র্য বিষয়টি বুঝিয়ে দাও। ১০

৩। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে প্রকাশিত যে কোনো পাঁচটি সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

অথবা

৪। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কালকেতুকে কি আদর্শ নায়ক বলা যায়? তোমার পাঠ্য অংশ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও।

৫। কৃত্তিবাসী রামায়ণের অযোধ্যাকাণ্ডে সমকালীন বাংলার জীবন-সংস্কৃতি কীভাবে প্রতিফলিত হয়েছে বুঝিয়ে দাও। ১০

অথবা